# বাঁদরের আতঙ্ক দার্জিলিংয়ের ম্যালে

## হাতে খাবারের প্যাকেট দেখলেই পর্যটকদের তাড়া

**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ১৩ জুন :** বাঁদরের বাঁদরামি রুখতে জরিমানার সিদ্ধান্ত দার্জিলিং পুরসভার। তবে জরিমানা বাঁদরকে দিতে হবে না, যত্রতত্র যাঁরা বাঁদরকে খাবার দেবেন, তাঁদেরই গুনতে হবে জরিমানার টাকা।

কিছুদিন ধরেই বাঁদরের উৎপাতে নাজেহাল পর্যটক থেকে স্থানীয় মানুষ, কলেজ পড়ুয়ারাও। দার্জিলিংয়ের ম্যালের চৌরাস্তাকে কেন্দ্র করে আশপাশের এলাকায় বাঁদরের দাপট এতটাই যে, মানুষ আতঙ্কিত। হাতে কিছু নিয়ে বের হতে ভয় পাচ্ছেন তাঁরা। চৌরাস্তায় স্বস্তিতে দু'দণ্ড বসতে পারছেন না পর্যটকরা। স্থানীয় সাউথফিল্ড কলেজ ক্ষতিগ্রস্ত বাঁদর বাহিনীর তাণ্ডবে। পরিস্থিতি বুঝে জরুরি বৈঠক করে বেশ কিছু সিদ্ধান্ত নিয়েছে দার্জিলিং পুরসভা। পুর চেয়ারম্যান দীপেন ঠাকুরি বলেছেন, 'বাঁদরের উৎপাত কমাতে যেখানে-সেখানে খাবার দেওয়া বন্ধ করতে হবে। সাধারণ মানুষকে সচেতন করতে ম্যাল, মহাকাল মন্দির সহ চারপাশের এলাকায় সাইনবোর্ড লাগানোর সিদ্ধান্ত নিয়েছি। এরপরেও বাঁদরকে খাবার দিলে পুরসভা জরিমানা করবে। পাশাপাশি বাঁদর নিয়ন্ত্রণ করতে বন দপ্তরের সঙ্গে কথা বলার জন্য একটি কমিটি তৈরি করা হয়েছে।'

মহাকাল মন্দিরকে কেন্দ্র করে বহুদিন ধরেই ম্যালে বাঁদর দেখা যায়। ম্যালের যে জায়গা থেকে মহাকাল মন্দিরের রাস্তা উঠছে, সেখান থেকে শুরু করে মন্দির পর্যন্ত পুরো এলাকায় প্রচুর বাঁদর বসে থাকে। মন্দিরে পুজো দিয়ে ফেরার সময় পুণ্যার্থীরা বাঁদরকে প্রসাদ সহ অন্য খাবার দেন। দীর্ঘদিনের রীতি। কিন্তু এই বাঁদরই এখন ম্যালের চৌরাস্তা, সাউথফিল্ড কলেজ সহ আশপাশের এলাকায় আতঙ্কের কারণ হয়ে দাঁড়িয়েছে। কেউ খাবার নিয়ে যাওয়ার সময় ছোঁ



*পর্যটকদের গা ঘেঁষেই বসে বাঁদর। দার্জিলিংয়ে।*

মেরে তা নিয়ে চলে যাচ্ছে। আবার অনেক সময় হাতে প্যাকেট দেখলেই বাঁদর গাছ থেকে মানুষের শরীরে লাফ দিয়ে বসছে। গত কয়েকদিনে কয়েকজন এভাবে আহত হয়েছেন বলে স্থানীয়দের বক্তব্য।

ম্যালের অশ্বারোহী সুমন ছেত্রী বলেছেন, 'কিছুদিন ধরে বাঁদর ভীষণ উৎপাত করছে। ছোট বাচ্চারা ঘোড়ায় উঠে ঘোরার সময় বাঁদর সামনে এসে ঝাঁপ দিচ্ছে। কেউ হাতে আইসক্রিম, চিপস নিয়ে দাঁড়ালেই বাঁদর ছোঁ মেরে নিতে গিয়ে মানুষকে জখম করছে। ভয়ে কেউ আর ম্যালে বসতেই চাইছেন না। আমাদেরও ব্যবসার ক্ষতি হচ্ছে।' ম্যালে দাঁড়িয়ে রায়গঞ্জ থেকে আসা পর্যটক অমিত বন্দ্যোপাধ্যায় বললেন, 'আমরা ম্যালে আসতেই এখানকার এক দোকানদার হাতে কোনও খাবার রাখতে নিষেধ করলেন। কারণ জানতে চাইলে উনি বাঁদরের জ্বালাতনের কথা বললেন। তাই বাচ্চাদের নিয়ে খুব সাবধানে ঘুরছি।' অমিতবাবু যখন এই কথা বলছেন, সেই সময় ম্যালের ওপেন থিয়েটারের সামনের গাছে ৮-১০টি বাঁদর ছোটাছুটি করছে।

> বাঁদরের উৎপাত কমাতে যেখানে-সেখানে খাবার দেওয়া বন্ধ করতে হবে। সাধারণ মানুষকে সচেতন করতে ম্যাল, মহাকাল মন্দির সহ চারপাশের এলাকায় সাইনবোর্ড লাগানোর সিদ্ধান্ত নিয়েছি। এরপরেও বাঁদরকে খাবার দিলে পুরসভা জরিমানা করবে।
>
> **দীপেন ঠাকুরি**
> পুর চেয়ারম্যান, দার্জিলিং

স্থানীয় সাফাইকর্মী মেনকা প্রধান অবশ্য বলেছেন, 'প্রচুর বাঁদর আছে। কিন্তু তিন-চারটি খুব বিরক্ত করে। এটা নিয়ে পর্যটক থেকে সাধারণ মানুষ আতঙ্কিত। শিশু থেকে বয়স্ক কেউই ম্যালে শান্তিতে বসতে পারছেন না।' সাউথফিল্ড কলেজের অধ্যক্ষা ডঃ অনুরাধা রাইয়ের বক্তব্য, 'মহাকাল মন্দিরের পিছনেই আমাদের কলেজ। ফলে সেখানে থাকা বাঁদরগুলি কলেজের প্রচুর ক্ষতি করছে। জানলা, দরজা ভাঙছে, গ্রন্থাগারের প্রচুর বই নষ্ট করে দিচ্ছে। কোনও গাছ ভালোভাবে থাকছে না। পড়ুয়ারাও আতঙ্কিত।' বাঁদরগুলি ধরে বিকল্প জায়গায় নিয়ে যাওয়া যায় কি না, সেই অনুরোধ রাখছেন তিনি।


# তরুণীকে কোপানো 'ত্রাস' পলাতক

**শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ১৩ জুন :** রাত বাড়তেই যৌনপল্লির বাসিন্দাদের ওপর অত্যাচার চলত। যৌনপল্লির তরুণীরা তার চাহিদামতো সায় না দিলেই মারধর করা হত। বৃহস্পতিবারের রাতের ঘটনায় অভিযুক্ত মহম্মদ সাহিল যেন শিলিগুড়ি খালপাড়া এলাকার ত্রাস। মা-বাবা না থাকায় সে ছোট থেকেই দিদার কাছে মানুষ হয়েছে। ওই তরুণের এক আত্মীয় তৃণমূল কংগ্রেস করেন বলে এলাকার বাসিন্দাদের দাবি। তবে ভয়ে তাঁরা প্রকাশ্যে কোনও অভিযোগ করতে রাজি নন।

ওয়ার্ড কাউন্সিলার তৃণমূলের পিন্টু ঘোষ এই ঘটনায় দলের সংযোগ অস্বীকার করেছেন। তাঁর বক্তব্য, 'এর আগেও যৌনপল্লির তরুণীদের মারধরের অভিযোগে ওই তরুণের বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়েছিল। এমনকি সম্প্রতি ধর্ষণের চেষ্টার অভিযোগও উঠেছিল। ওর বিরুদ্ধে কড়া ব্যবস্থা নিতে পুলিশ-প্রশাসনকে বলব।' বৃহস্পতিবার রাতে এলাকার এক তরুণীকে ধারালো অস্ত্র দিয়ে কোপানোর পর থেকেই ওই তরুণ এলাকা ছেড়ে উধাও হয়ে গিয়েছে। পুলিশ তার খোঁজে তল্লাশি চালাচ্ছে। শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের ডিসিপি (ইস্ট) রাকেশ সিং বললেন, 'তল্লাশি চলছে। দ্রুতই অভিযুক্তকে গ্রেপ্তার করা হবে।'

ওই তরুণের বিরুদ্ধে গত বছরের শেষের দিকেও আগ্নেয়াস্ত্র দেখিয়ে এক মহিলাকে ধর্ষণের চেষ্টার অভিযোগকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছিল। ওই ঘটনায় সাহিল গ্রেপ্তারও হয়। কিছুদিন হল ওই তরুণ ছাড়া পেয়েছিল। যদিও ফের সে যৌনপল্লি এলাকায় দৌরাত্ম্য বাড়াতে শুরু করে। কেউ তার চাহিদায় সায় না দিলেই সে তাঁদের মারধর করত। বৃহস্পতিবারের রাতের ঘটনাতেও



ওই তরুণী সাড়া না দেওয়ার কারণেই তিনি জখম হন বলে পুলিশ জানতে পেরেছে।

বৃহস্পতিবারের ঘটনার বর্ণনা দিতে গিয়ে যৌনপল্লির এক বাসিন্দা বললেন, 'বোন ঘরে বসে আম খাচ্ছিল। আমি ভাত খাওয়ার জন্য আমার ঘরে আসি। কিছুক্ষণ পরেই দেখি বোন ছুটে আমার ঘরে এসেছে। শরীরের বিভিন্ন জায়গা থেকে ফিনকি দিয়ে রক্ত বের হচ্ছে। আমরা কোনওভাবে বোনকে শিলিগুড়ি জেলা হাসপাতালে নিয়ে যাই।' ওই তরুণী বর্তমানে স্থিতিশীল অবস্থায় রয়েছেন বলে হাসপাতাল সূত্রে খবর।

## জালিয়াতির অভিযোগ

**শিলিগুড়ি, ১৩ জুন :** লক্ষ লক্ষ টাকা জালিয়াতির অভিযোগ উঠল নিধি নথিভুক্ত একটি অর্থলগ্নি সংস্থার বিরুদ্ধে। এক দম্পতি ও তাদের ছেলে মিলে তৈরি করা ওই লগ্নি সংস্থায় এক ব্যক্তিকে পার্টনার করাও হয়েছে। ওই অফিসে একসময় কাজ করা এক তরুণী শিলিগুড়ি থানায় অভিযোগ দায়ের করেন, সংস্থার পরিস্থিতি খারাপ থাকার কথা বলে, তাঁর কাছ থেকে সাত লক্ষ টাকা নেওয়া হয়েছিল। ওই টাকা ফেরত দেওয়ার কথা বলা হলেও পরবর্তীতে আর তা দেওয়া হয়নি। অভিযোগের ভিত্তিতে বৃহস্পতিবার রাতে ওই কোম্পানির ডিরেক্টর দেবজ্যোতি বাগচীকে সুভাষপল্লি এলাকার বাড়ি থেকে গ্রেপ্তার করেছে শিলিগুড়ি থানার পুলিশ। দেবজ্যোতি শহরে একটি নার্সিংহোমেও কাজ করে বলে পুলিশ জানতে পেরেছে। তদন্তের জন্য শুক্রবার ওই তরুণকে শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে পাঁচদিনের পুলিশ হেপাজতের নির্দেশ দিয়েছেন বিচারক। বাকিদের খোঁজ করছে পুলিশ। এদিকে, ওই সংস্থায় লগ্নির জন্য টাকা নিয়ে প্রতারিত হওয়ায় ইতিমধ্যেই কয়েকজন থানায় এসে অভিযোগ জানিয়েছেন।

পুলিশ তদন্তে জানতে পেরেছে, মন্দিরা-দেবাশিসের ছেলে দেবজ্যোতি। এই যাবতীয় পরিকল্পনায় মন্দিরাই নাকি মাথা। বছরখানেক সেই অফিস বন্ধ করে দেওয়ার পরেই মন্দিরা কলকাতায় গা ঢাকা দেয়। এই ব্যবসার অংশীদার অঞ্জন ঘোষও গা ঢাকা দেয়। শহর শিলিগুড়ির ফ্ল্যাটে দেবজ্যোতি ও দেবাশিস একসঙ্গে থাকত। মন্দিরার মতোই দেবাশিসও উধাও। স্থানীয় ১৯ নম্বর ওয়ার্ড কাউন্সিলার মৌসুমি হাজরা বলেন, 'মানুষের কাছ থেকে টাকাপয়সা তুলে প্রতারণার বিষয়টা আমিও শুনেছি। এরা আগে শহরের অন্য জায়গায় ঘর ভাড়া নিয়ে থাকত। যদিও পাঁচ-সাত বছর আগে আমাদের এলাকায় ফ্ল্যাট কিনে থাকতে শুরু করেছিল।'

## ডাকাতির তদন্ত

**চোপড়া, ১৩ জুন :** চলতি বছরের ফেব্রুয়ারি মাসে চোপড়ার চিতলঘাটা এলাকার একটি বালি খাদানের অফিসে ডাকাতির ঘটনার শুক্রবার পুনর্নির্মাণ করল চোপড়া থানার পুলিশ। এই ঘটনায় জড়িত থাকার অভিযোগে বুধবার হাপতিয়াগছ গ্রাম পঞ্চায়েত এলাকার বাসিন্দা রফিক আলম নামে এক তরুণকে গ্রেপ্তার করে পুলিশ। এদিন ধৃতকে সঙ্গে নিয়ে চিতলঘাটা এলাকায় ডাকাতির ঘটনার পুনর্নির্মাণ করা হয়।

## মেলার উদ্বোধন

**শিলিগুড়ি, ১৩ জুন :** তথ্য ও সংস্কৃতি দপ্তরের ব্যবস্থাপনায় শুরু হল 'বাংলা মোদের গর্ব'। এখানে স্বনির্ভর গোষ্ঠীর বিভিন্নরকমের তৈরি জিনিসের পাশাপাশি সরকারি বিভিন্ন প্রকল্প তুলে ধরা হবে। শুক্রবার ডাবগ্রাম সূর্যনগর মাঠে এই মেলার উদ্বোধন করেন মেয়র গৌতম দেব। ১৫ জুন পর্যন্ত মেলা ও প্রদর্শনী চলবে।

## সিটু কর্মসূচি

**শিলিগুড়ি, ১৩ জুন :** শুক্রবার সিআইটিইউ ১৩তম রাজ্য সম্মেলন অনুষ্ঠিত হল হলদিয়াতে। এই উপলক্ষ্যে এদিন হিলকার্ট রোডে সিআইটিইউ জেলা দপ্তরের সামনে পতাকা উত্তোলন ও শহিদ বেদিতে মাল্যদান করা হয়। ১৫ জুন পর্যন্ত এই রাজ্য সম্মেলন হবে।

## কমিটি গঠন

**শিলিগুড়ি, ১৩ জুন :** সারা বাংলা তৃণমূল শিক্ষাবন্ধুদের সমিতির পূর্ণাঙ্গ রাজ্য কমিটি শুক্রবার গঠন হয়। সেখানে দার্জিলিং (সমতল) জেলা সভাপতি পদ পান শিলিগুড়ি কলেজের পরিতোষ দাস। এছাড়াও দার্জিলিং (পাহাড়) জেলা সভাপতি হয়েছেন সেন্ট জোশেফস' কলেজের ইভান জন মোক্তান।

# কলকাতার বৈঠকে ডাক শুধু সঞ্জয়কে

**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ১৩ জুন :** রাজ্য সভাপতি সুব্রত বক্সীর ডাকে শনিবার কলকাতায় তৃণমূল কংগ্রেসের জরুরি বৈঠক বসছে। ওই বৈঠকে যোগ দেওয়ার জন্য প্রতিটি জেলার দলের চেয়ারম্যান এবং জেলা সভাপতিকে ডাকা হয়েছে। কিন্তু শিলিগুড়ি থেকে শুধু চেয়ারম্যান সঞ্জয় টিব্রুওয়াল ডাক পেয়েছেন। কিন্তু পাপিয়া ঘোষকে বৈঠকে ডাকা হয়নি। যা নিয়ে দলের অন্দরে তীব্র হইচই পড়েছে। প্রশ্ন উঠছে, পাপিয়া জেলা সভানেত্রী হিসাবে কাজ সামলাচ্ছেন ঠিকই, কিন্তু আদৌ তিনি এখনও জেলা সভানেত্রী পদে রয়েছেন? পাপিয়া অবশ্য বলেছেন, 'নতুন জেলা সভাপতি ঘোষণা না হওয়া পর্যন্ত আমি কাজ করছি। কলকাতার বৈঠকে ২১ জুলাইয়ের কর্মসূচি নিয়ে কিছু জিনিসপত্র দেওয়া হবে। সেখানে একজন গেলেই হবে।'

গত ১৬ মে রাজ্যজুড়ে তৃণমূলের জেলাভিত্তিক নতুন কমিটি ঘোষণা করা হয়েছে। ওই তালিকায় শিলিগুড়ি সাংগঠনিক জেলা কমিটিতে নতুন জেলা চেয়ারম্যানের নাম থাকলেও সভাপতির নাম পরবর্তীতে ঘোষিত হবে বলে লেখা ছিল। ওই তালিকা প্রকাশিত হওয়ার পরেই শিলিগুড়িতে গত কয়েক বছর ধরে সভানেত্রীর পদ সামলানো পাপিয়াকে সরিয়ে দেওয়া হল, একরকম স্পষ্ট হয়ে যায়। অথচ তার পরেও প্রায় এক মাস ধরে পাপিয়া জেলা সভানেত্রী হিসাবেই দলীয় কর্মসূচি করছেন। শহর থেকে গ্রামে তিনি নতুন চেয়ারম্যান সঞ্জয়কে পরিচয় করাতে অনুষ্ঠান করছেন, কংগ্রেস ছেড়ে আসা শংকর মালাকারকে নিয়ে সংবর্ধনা সভা করছেন। পাপিয়ার দাবি, 'পরবর্তী জেলা সভাপতির নাম ঘোষণা না হওয়া পর্যন্ত তিনিই দায়িত্বে রয়েছেন।'

এরই মধ্যে শনিবার প্রতিটি জেলার চেয়ারম্যান এবং সভাপতিকে কলকাতায় ডেকে পাঠানো হয়েছে। বিকেলে তৃণমূল ভবনে দলের রাজ্য সভাপতি সুব্রত বক্সী জেলার নেতাদের নিয়ে বৈঠক করবেন। উত্তরবঙ্গের অন্যান্য জেলার চেয়ারম্যান এবং সভাপতি, দুই পদাধিকারীই কলকাতায় ডাক পেলেও শিলিগুড়ি থেকে শুধু দলের জেলা চেয়ারম্যান আমন্ত্রিত। শনিবার সকালের বিমানে কলকাতায় যাচ্ছেন বলে সঞ্জয় জানিয়েছেন। প্রশ্ন উঠছে, পাপিয়া

### পাপিয়ার পদ নিয়ে চর্চা

জেলা সভানেত্রীর পদে থাকলেও তাঁকে কেন কলকাতার বৈঠকে ডাকা হল না? দলীয় সূত্রের খবর, শিলিগুড়িতে বর্তমানে দলের কোনও জেলা সভাপতি নেই। সেই জন্য এখান থেকে শুধুমাত্র জেলা চেয়ারম্যানকেই বৈঠকে ডাকা হয়েছে।

শিলিগুড়ির সাংগঠনিক জেলার সভাপতি কবে ঘোষণা করা হবে, তা নিয়েও নেতা-নেত্রীদের কৌতূহল ক্রমশ বাড়ছে। অনেকেই বলছেন, জেলা সভাপতি না করে গ্রাম এবং শহরের বাছাই করা নেতা-নেত্রীদের নিয়ে কোর কমিটি তৈরি করা হোক। কেউ আবার বলছেন, চেয়ারম্যান শহর থেকে করা হয়েছে। গ্রামের কোনও নেতাকেই জেলা সভাপতি করা হবে। কিন্তু শিলিগুড়ির সংগঠন নিয়ে দল কবে ঘোষণা করবে, বুঝতে পারছেন না কেউই।



চার ইয়ারি কথা।। *বালুরঘাটের গোবিন্দপুরে মাজিদুর সরদারের তোলা ছবি। শুক্রবার।*

# জমি দখলে অভিযুক্ত বেসরকারি স্কুল

**অরুণ ঝা**

**ইসলামপুর, ১৩ জুন :** ইসলামপুর শহর লাগোয়া বিহার মোড়ে ইংরেজিমাধ্যম বেসরকারি একটি স্কুল রাজ্য সড়কের পাশে থাকা প্রায় ছয় কাঠা সরকারি জমি দখল করেছে। এমনকি সড়কের পাশে থাকা নয়ানজুলি জবরদখল করতেও তারা রেয়াত করেনি। ইসলামপুর ব্লক ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের তদন্ত রিপোর্টেই চাঞ্চল্যকর এই তথ্য উঠে এসেছে। বর্তমানে সম্প্রসারিত রাজ্য সড়কের পাশে থাকা ওই জমির মূল্য কয়েক কোটি টাকা। স্বভাবতই স্কুলের ভূমিকা নিয়ে বিভিন্ন মহলে প্রশ্ন দানা বাঁধতে শুরু করেছে। উত্তরবঙ্গ সংবাদের হাতে থাকা সরকারি নথি বলছে, এই মর্মে চলতি মাসের ৯ তারিখ ভূমি দপ্তর ইসলামপুর পূর্ত দপ্তরের (রোডস) কর্তাদের তদন্ত রিপোর্ট পাঠিয়ে যথাযথ পদক্ষেপ করার কথা বলেছে। পূর্ত দপ্তর জানিয়েছে, সমস্ত নথি সহ স্কুলের বেআইনি জমি দখলের রিপোর্ট মহকুমা শাসকের কাছে পাঠানো হয়েছে। যদিও এই মর্মে প্রতিক্রিয়া জানতে মহকুমা শাসক প্রিয়া যাদবকে একাধিকবার ফোন করা হলেও তিনি সাড়া দেননি। জবরদখল করা নয়ানজুলি রিফিউজি রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্টের অধীনে রেকর্ড রয়েছে। তার এলআর খতিয়ান নম্বর হল দুই।

ইসলামপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান অসীমা পাল বলেছেন, 'গত কয়েকদিনে এলাকার শতাধিক অবৈধ নির্মাণকারীকে আমরা নোটিশ ধরিয়েছি। সঙ্গে মাইকে প্রচার চলছে। অবৈধ নির্মাণের বিরুদ্ধে কড়া পদক্ষেপ করতে আমরা পিছপা হব না।'

রাজ্য সড়ক সম্প্রসারণের পর থেকে বিহার মোড় থেকে শ্রীকৃষ্ণপুর পর্যন্ত জমির দালাল ও জমি মাফিয়াদের বাড়বাড়ন্ত মারাত্মক আকার নিয়েছে। সম্প্রতি উত্তরবঙ্গ সংবাদে এই মর্মে একাধিক খবর প্রকাশিত হতেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নড়েচড়ে বসে। গত মে মাসে ওই বেসরকারি স্কুলের বেআইনিভাবে সরকারি জমি দখলের বিষয়টি উত্তরবঙ্গ সংবাদ প্রকাশ্যে এনেছিল। চলতি মাসে ভূমি দপ্তরের তদন্ত রিপোর্ট সেই খবরে সিলমোহর মেরে দিয়েছে।

বিজয় চৌধুরীর প্রতিক্রিয়া, 'আমরা পূর্ত দপ্তরের কাছে সমস্যার সমাধান সূত্র চেয়ে আর্জি জানিয়েছি। আইন মোতাবেক তাঁরা যা বলবেন আমরা করব।' বেআইনিভাবে সরকারি জমি দখল করে স্কুলবাস পার্কিং জোন তৈরি করা আইনত দণ্ডনীয় জেনেও নয়ানজুলি ভরাট করলেন কেন? এই প্রশ্নের উত্তরে বিজয়ের মন্তব্য, 'সবটাই তদন্তের আওতায়। সম্প্রতি আমরা অনুমতি চেয়ে আর্জি জানিয়েছি।' পূর্ত দপ্তরের (রোডস) অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার ভবতোষ দাস বলেছেন, 'এই বেআইনি দখল



*বিহার মোড়ে দখল হওয়া সরকারি জমি।*

ও নয়ানজুলি ভরাট নিয়ে মহকুমা শাসককে বিস্তারিত রিপোর্ট দেওয়া হয়েছে। যা সিদ্ধান্ত নেওয়ার তিনিই নেবেন।' কোটি কোটি টাকার সরকারি জমি লুটের তদন্ত রিপোর্ট হাতে পাওয়ার পর মহকুমা শাসক কী পদক্ষেপ করবেন সেদিকেই তাকিয়ে আছে বিভিন্ন মহল। সেই সঙ্গে চর্চা চলছে, নামী ওই স্কুলে প্রভাবশালীদের সন্তানরা পড়াশোনা করে। ফলে সেই সুযোগে তদন্ত রিপোর্টের ফাইল ঠান্ডাঘরে চলে যাবে না তো?

ইসলামপুরের ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক তাসি ভুটিয়া বলেছেন, 'আমরা তদন্ত করে সেই রিপোর্ট এবং স্কুলের জবরদখল করা সরকারি জমির পরিমাণ কতটা সমস্তটাই পূর্ত দপ্তরকে লিখিতভাবে পাঠিয়ে ব্যবস্থা গ্রহণ করতে বলেছি। সঙ্গে তদন্ত রিপোর্ট মহকুমা শাসক সহ বিভিন্ন স্তরে ফরওয়ার্ড করা হয়েছে।'

শুক্রবার স্কুলে পৌঁছে দেখা গেল এতকিছুর পরেও বালি ফেলার কাজ চলছে। স্কুলের কোঅর্ডিনেটর

# উড়ালপুলের দাবি

**ইসলামপুর, ১৩ জুন :** রেলের উচ্চপর্যায়ের সেফটি অ্যান্ড সিকিউরিটি প্রতিনিধিদলকে উড়ালপুলের দাবিতে স্মারকলিপি দিল আলিনগর ফ্লাইওভার ডিমান্ড কমিটি। শুক্রবার উত্তর-পূর্ব সীমান্ত রেলের সদর কার্যালয় মালিগাঁও থেকে দলটি প্রথমে আলুয়াবাড়ি রোড স্টেশন পরিদর্শন করে। তারপর দলটি আলিনগর লেভেল ক্রসিংয়ে পরিদর্শনে যায়। ওই সময় ফ্লাইওভার ডিমান্ড কমিটির পদাধিকারীরাও লেভেল ক্রসিংয়ের অফিসে পৌঁছান। প্রতিনিধিদলটির হাতে স্মারকলিপি তুলে দেন। নেতৃত্বে ছিলেন কমিটির সভাপতি তথা ইসলামপুর পুরসভার ৪ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার গুরুদাস সাহা। গুরুদাস বলছেন, 'এই দাবি দীর্ঘদিনের। ইতিমধ্যে রেলের পদস্থ আধিকারিকদেরও এই মর্মে লিখিত দাবি জানিয়েছি। বড় আকারের আন্দোলনও হয়েছে। এদিন সেফটি অ্যান্ড সিকিউরিটি টিমের সদস্যদেরও স্বারকলিপি দিলাম। তাঁরা আশ্বস্ত করেছেন।' উল্লেখ্য, আলিনগর ও শান্তিনগরের লেভেল ক্রসিং বিহার-বাংলার সাধারণ মানুষের জন্য তীব্র যন্ত্রণার কারণ হয়ে উঠেছে।

# পথ যেন মরণফাঁদ, বেহাল রাস্তা নিয়ে ক্ষোভ

**পারমিতা রায়**

**শিলিগুড়ি, ১৩ জুন :** রাস্তা নয়, যেন মরণফাঁদ। এই রাস্তা দিয়ে চলাফেরা করতে প্রতিদিন সমস্যায় পড়তে হয় সাধারণ মানুষকে। খানাখন্দে ভর্তি রাস্তায় রোজই দুর্ঘটনা ঘটছে। শিলিগুড়ির শালবাড়ি থেকে পাথরঘাটা গ্রাম পঞ্চায়েত অফিস যাওয়ার রাস্তা দীর্ঘদিন ধরে বেহাল হয়ে রয়েছে। কবে রাস্তার সংস্কার হবে সেদিকে তাকিয়েই এলাকার বাসিন্দারা।

শালবাড়িহাট থেকে পাথরঘাটা গ্রাম পঞ্চায়েত অফিসের পাশে দেবীকান্ত সিংহ মোড় পর্যন্ত রাস্তা পুরোপুরি বেহাল। শুক্লা সাহা নামে এক স্থানীয় বাসিন্দা বলেন, 'বৃষ্টির সময় তো সমস্যা বহুগুণ বেড়ে যায়। রাস্তার পিচের প্রলেপ উঠে গিয়ে খানাখন্দে ভরতি। গর্তে জল থাকায় সেটা কতটা গভীর তা ঠাহর করাই যায় না। ফলে অনেক সময়ই গাড়ির চাকা আটকে যায়। বাইক-স্কুটার নিয়ে যাওয়ার সময় প্রতিদিনই দুর্ঘটনার শিকার হচ্ছেন চালকরা।' এলাকার বাসিন্দা সুজয় সরকার বলেন, 'আমরা একাধিকবার অভিযোগ করেছি। কোনও লাভ হয়নি।'

এতদিন ধরে রাস্তা খারাপ থাকলেও পঞ্চায়েত থেকে কেন উদ্যোগ নেওয়া হয়নি, সেই প্রশ্ন তুললেন স্থানীয় প্রেম ছেত্রী। তিনি বলেন, 'এই রাস্তা দিয়ে চলাফেলার সময় খুবই সমস্যা হয়। দ্রুত রাস্তার সংস্কার প্রয়োজন।'

গ্রাম পঞ্চায়েত প্রধান মহম্মদ শাহিদ বলেন, 'রাস্তায় মাটি-বালি ফেলে ভরাট করার চেষ্টা করেছি। আশা করছি বৃষ্টির মরশুম পার হলেই সমস্যার সমাধান হয়ে যাবে। এনবিডিডি-কে অনুরোধ করা হয়েছে। অর্থ বরাদ্দ হলেই কাজ শুরু হয়ে যাবে।'



*তিস্তা-মহানন্দা ক্যানালে কিশোরদের স্নান।*

# জলে দুর্ঘটনা রুখতে পুলিশের নজরদারি

**রাজগঞ্জ, ১৩ জুন :** গত কয়েকদিনের তীব্র গরমে হাঁসফাঁস করছে উত্তরবঙ্গ। তাপপ্রবাহ থেকে সাময়িক স্বস্তি পেতে গ্রাম থেকে শুরু করে শহরের কিশোররাও স্নান করতে যাচ্ছে পাশের নদীতে। কিছুদিন আগেও তিস্তা-মহানন্দা লিংক ক্যানালেও অনেকে স্নান করতে আসত। কিন্তু সাঁতার না জানায় যখন-তখন ঘটছে বিপত্তি। দু'দিন আগেও তিস্তা-মহানন্দার লিংক ক্যানালে জলে ডুবে এক কিশোরের মৃত্যুর ঘটনা ঘটেছে। বিষয়টি নিয়ে অভিভাবকরাও উদাসীন। কারও নিজেদের সন্তানদের জলে সাঁতার কাটা নিয়ে খুব একটা মাথাব্যথাও নেই। যদিও ঘটনার পর থেকে পুলিশ টহলদারি চালাচ্ছে। শুক্রবারও বাইরে থেকে কয়েকজন ক্যানালে স্নান করতে এলেও পুলিশ তাদের তাড়িয়ে দিয়েছে।

অন্যদিকে, রাজগঞ্জের করতোয়া নদীর সেতুর পাশেই স্নান করছিল কয়েকজন কিশোর। ভয় লাগছে না? জিজ্ঞেস করতে দীপায়ন সরকার নামে কিশোরের উত্তর, 'আমরা সাঁতার জানি। ছোটবেলায় বাবা শিখিয়েছেন। প্রচণ্ড গরমে নদীর ঠান্ডা জলে স্নান করতে দারুণ মজা লাগে। আমি প্রায় রোজই আসি। সেইসঙ্গে ছোট মাছও ধরি।' আরেক কিশোর নয়ন দাসও পাড়ার দাদাদের কাছ থেকে সাঁতার শিখে নিয়েছে। এখন আর তার ভয় লাগে না। এ তো গেল কিশোরদের কথা। বাজারের ব্যাগ সাইকেলে নিয়ে রাজগঞ্জ বাজারের দিকে যাচ্ছিলেন স্থানীয় এক বাসিন্দা জীবন সরকার। ডুবে যাওয়ার কথা বলতেই আশঙ্কা রীতিমতো উড়িয়ে দিলেন তিনি। তাঁর কথায়, 'জীবনের ঝুঁকি রয়েছে সব কাজেই। আমাদের বাংলা নদীমাতৃক দেশ। আমি নিজেই ছোটবেলায় নদীতে স্নান করতাম। এখন আমার ছেলেরাও নদীতে স্নান করতে যায়। তীব্র গরমে নদীতে সাঁতার কাটা স্বাস্থ্যের পক্ষে ভালো। যদিও আমি ছেলেদের বাধা দিই না। তবে সাঁতার জানার পরেও হঠাৎ বিপদ ঘটলেও কিছু করার থাকে না।'

ফুলবাড়ি ক্যানালের ধারে পানমশলা সহ অন্যান্য জিনিসপত্র সাজিয়ে দোকান চালান সাধনা রায়। তাঁর সঙ্গে কথা বলতে গিয়ে জানা গেল এদিন ক্যানালে কিশোররা স্নান করতে আসেনি। পাঁচ-ছয়দিন আগেও নাকি অনেকে আসত। পুলিশের নজরদারিতেই এখন কেউ আসছে না। এপ্রসঙ্গে নিউ জলপাইগুড়ি থানার আইসি সনম লামা বলেন, 'বর্তমানে ক্যানালে প্রচুর জল। অনেকেই স্নান করতে আসে। কোনও দুর্ঘটনা যাতে না ঘটে সেইজন্য পুলিশ তীক্ষ্ণ নজর রাখছে।'

# সদ্য তৈরি রাস্তা খুঁড়ে নালা তৈরিতে বিতর্ক

**নকশালবাড়ি, ১৩ জুন :** সদ্য তৈরি হওয়া রাস্তা খুঁড়ে নালা নির্মাণ নিয়ে নকশালবাড়িতে শুরু হয়েছে বিতর্ক। নকশালবাড়ি বাজারের এই ঘটনায় ক্ষোভে ফুঁসছেন স্থানীয় বাসিন্দারা। অভিযোগ, কোনওরকম আগাম বিজ্ঞপ্তি না দিয়ে বা ব্যবসায়ীদের না জানিয়ে রাস্তা বন্ধ করে চলছে নালা নির্মাণের কাজ। এর ফলে সমস্যায় পড়েছেন বাসিন্দারা। অন্য রাস্তা দিয়ে ঘুরে যেতে বাধ্য হচ্ছেন সকলে। এর ফলে ব্যবসার যেমন ক্ষতি হচ্ছে তেমনই দুর্ভোগ পোহাতে হচ্ছে।

চলতি বছরের ৮ মার্চ নকশালবাড়ি বাজারের নতুন রাস্তার উদ্বোধন করেন শিলিগুড়ি মহকুমা পরিষদের সভাধিপতি অরুণ ঘোষ। হাটশেডের পাশাপাশি নতুন পেভার্স ব্লকের রাস্তা নির্মিত হয়। ডিএনটি মোড় থেকে কাপড়হাটি পর্যন্ত পেভার্স ব্লক বসানো হয়। বুধবার থেকে হঠাৎ সেই রাস্তা খুঁড়ে চলছে নালা নির্মাণের কাজ। নকশালবাড়ি গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান বিশ্বজিৎ ঘোষ বলেন, 'ব্যবসায়ীদের সুবিধার জন্যই সেখানে নালা নির্মাণের কাজ চলছে। নকশালবাড়ি পঞ্চায়েত সমিতির উদ্যোগে এই নালার কাজ চলছে। এর আগে রাস্তার সঙ্গেই নালা নির্মাণের প্রকল্প ধরা ছিল। কিন্তু সেই সময় তা করা হয়নি। পরে আমরা বিডিওকে চিঠি দিয়ে সেখানে নালা নির্মাণের কাজ শুরু করাতে পেরেছি।'

প্রশ্ন উঠছে, রাস্তা নির্মাণের সময় কেন নালা তৈরি করা হল না? কাজ শেষের দুই মাস পর নতুন রাস্তা খুঁড়ে প্রশাসন সেখানে নালা তৈরির অনুমতি দিল কেন? এখন পরিস্থিতি এমন যে, বাইক, টোটো সমস্ত কিছুর যাতায়াত বন্ধ



*এই নালা নির্মাণ ঘিরেই বিতর্ক।*

হয়ে পড়েছে। মহম্মদ নাসিম নামক এক বাসিন্দা বলেন, 'নতুন রাস্তাটি আবার ভেঙে ফেলা হল। আগেই রাস্তার সঙ্গে নালাটি তৈরি করা হলে রাস্তাটি আর ভাঙা পড়ত না। এসব সরকারি টাকার অপচয় ছাড়া কিছুই না। যাঁরা পরিকল্পনা করেছিলেন তাঁরা আগেই নালার বিষয়টি শিডিউলে তুলতে পারতেন।' সাধনা চক্রবর্তী নামক এক সবজি ব্যবসায়ী বলেন, 'রাস্তা বন্ধ হয়ে যাওয়ায় আমাদের বিক্রি বন্ধ হয়ে গিয়েছে। অনেক ক্রেতা এদিকে আসতেই পারছেন না। অনেক সবজি নষ্ট হয়ে যাচ্ছে। আগে জানানো হলে আমরা সবজি বেশি করে নিয়ে দোকান বসাতাম না।'

স্থানীয় বাসিন্দা বিশ্বজিৎ দাস বলেন, 'নকশালবাড়ি বাজারে এমনিতেই দখলদারি চরমসীমায় পৌঁছেছে। বাইক, সাইকেল নিয়ে ঢুকলে আর বের হওয়া মুশকিল। তার উপর এভাবে বাজারের মাঝখানের রাস্তা বন্ধ করে নালা নির্মাণ চলছে। আগেই এসব বিষয় বুঝে কাজ করা প্রয়োজন। সরকারি টাকার অপচয় এবং সাধারণ মানুষকে হয়রানি করে সব জায়গায় উন্নয়নের ঢোল পিটিয়ে লাভ নেই।'

নকশালবাড়ি পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ তথা নকশালবাড়ি ব্যবসায়ী সমিতির সভাপতি পৃথ্বীশ রায় বলেন, 'পেভার্স ব্লকের রাস্তা হয়ে যাওয়ার পর সেখানে নালা নির্মাণের প্রয়োজনীয়তা দেখা দেয়। আগে থেকে কেউ বুঝতে পারেনি সেখানে জল জমে থাকবে। তাই এখন কাজটি করা হচ্ছে। এ জন্য রাস্তার বেশি ক্ষতি হয়নি। কিছুটা পরিমাণ ব্লক তুলেই কাজ চলছে। আমরা দ্রুত কাজটি শেষ করার চেষ্টা করব।'

## যে যেভাবে বাঁচতে পারি




*রোদের তেজ এড়ানোর চেষ্টা। একদল কিশোর চলেছে মাথায় থার্মোকলের টুকরো নিয়ে। ভ্যানরিকশাচালকদের ভরসা গামছা। শিলিগুড়িতে শুক্রবার। ছবি : সূত্রধর*

## শিশু চলচ্চিত্র উৎসব

**শিলিগুড়ি, ১৩ জুন :** প্রথমবার শিলিগুড়ি শহরে ছোটদের জন্য আয়োজন করা হল 'শিশু চলচ্চিত্র উৎসব'। দীর্ঘদিন পর এই উৎসবের জন্য দীনবন্ধু মঞ্চে পুনরায় সিনেমা দেখানোর আয়োজন করা হয়েছে। রাজ্য তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং শিলিগুড়ি পুরনিগমের সহযোগিতায় শুক্রবার এই উৎসবের উদ্বোধন করেন মেয়র গৌতম দেব। ১৭ জুন পর্যন্ত উৎসবটি চলবে। প্রতিদিন একটা করে সিনেমা দেখানো হবে।

মেয়র জানান, শিশুদের আনন্দ দেওয়ার জন্য এই উৎসবের আয়োজন করা হয়েছে। এই উৎসবে 'মিশর রহস্য', 'কর্ণসুবর্ণের গুপ্তধন', 'দাবাড়ু', 'প্রফেসর শঙ্কু ও এল ডোরাডো', 'নয়ন রহস্য'-র মতো সিনেমাগুলি দেখানো হবে। এদিন 'মিশর রহস্য' সিনেমাটি দেখে সকলে খুব আনন্দ পায়। শনিবার বিকেল চারটে থেকে 'কর্ণসুবর্ণের গুপ্তধন' সিনেমাটি দেখানো হবে।

## ঝুলন্ত দেহ

**শিলিগুড়ি, ১৩ জুন :** ষাটোর্ধ্ব এক বৃদ্ধার ঝুলন্ত দেহ উদ্ধার হল। শুক্রবার ঘটনাটি ঘটে দেশবন্ধুপাড়ায়। মৃতের নাম সংঘমিত্রা কর। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, রেলের অবসরপ্রাপ্ত কর্মী ওই বৃদ্ধা একাই থাকতেন ফ্ল্যাটে। এদিন তিনি সকালে দরজা না খোলায় প্রতিবেশীদের সন্দেহ হয়। এরপর ব্যালকনির দরজা দিয়ে তাঁরা ভেতরে ঢুকে বৃদ্ধার ঝুলন্ত দেহ দেখতে পান। বৃদ্ধার এক মেয়ে রয়েছে। তিনি বাইরে থাকেন।

বৃদ্ধার মৃত্যুর পেছনে অন্য কোনও কারণ রয়েছে কি না, তা তদন্ত করে দেখছে পুলিশ।

### সুয়েজ ট্রিটমেন্ট প্ল্যান্টেই সমাধান : রঞ্জন

# নালার নেট গায়েব, ফের নোংরা মহানন্দা

**শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ১৩ জুন :** মহানন্দা নদীতে যাতে শহরের আবর্জনা না মেশে, সেব্যাপারে বিশেষ উদ্যোগ নিয়েছিল শিলিগুড়ি পুরনিগম। নদীর সঙ্গে সংযুক্ত নালাগুলোকে চিহ্নিত করে লোহার নেট লাগিয়ে দেওয়া হয়েছিল। যদিও রক্ষণাবেক্ষণের অভাবে অধিকাংশ নালাতেই আর নেটের চিহ্ন নেই।

কোনও কোনও জায়গায় নেটের চিহ্ন দেখা গেলেও, তার অবস্থা বেশ করুণ। এই পরিস্থিতিতে অবাধে নিকাশিনালার মাধ্যমে আবর্জনা নদীর জলে মিশে যাচ্ছে। স্বাভাবিকভাবেই নিগমের নজরদারি নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। ডেপুটি মেয়র রঞ্জন সরকার অবশ্য বলছেন, খারাপ নেটগুলি মেরামত কিংবা নতুন করে লাগিয়ে দেওয়া হবে।

মহানন্দা নদীকে কেন্দ্র করে কয়েকবছর আগেই গ্রিন ট্রাইবিউনালের নির্দেশিকা জারি হয়েছে। দূষণ রোধে বছর দুয়েক আগে পুরনিগমের উদ্যোগে নদী সংলগ্ন ওয়ার্ডগুলির মূল নালাগুলিতে নদীর সংযোগস্থলে নেট লাগিয়ে দেওয়া হয়েছিল। সেই নেটগুলোর খোঁজে গিয়ে অবাক হতে হল। সূর্য সেন পার্কের পেছন দিয়ে একটি বড় নিকাশিনালা মহানন্দার সঙ্গে যুক্ত হয়েছে। সেই নালার দুই জায়গায় লোহার নেট লাগিয়ে দেওয়া হয়েছিল। দেখা গেল, নালার একটি নেটের কিছুটা অংশ অবশিষ্ট রয়েছে। বাকি অংশ উধাও। সেখানে আবর্জনা আটকে রয়েছে। আরেকটি নেট পুরোপুরি দুমড়ে গিয়েছে। এলাকার বাসিন্দা রজত দাস বলেন, 'বৃষ্টির সময় নালায় জলের প্রবাহ এতটাই তীব্র থাকে যে, ভেসে আসা আবর্জনার চাপে নেটগুলো ক্ষতিগ্রস্ত হয়।'

তবে রাতের অন্ধকারে লোহার এই নেটগুলো চুরিও হয়ে যায়। পুরনিগমের ৪ নম্বর ওয়ার্ডে কার্যত কোনও নালাতেই আর লোহার নেট নেই। নেটগুলো কোথায়? কাউন্সিলার বিবেক সিং বললেন, 'রাতে চোরেরা সব চুরি করে নিয়ে গিয়েছে। বিষয়টা পুরনিগম, প্রশাসনকে জানিয়েছি।'

নালাগুলি দিয়ে ভেসে আসা আবর্জনা নদীতীরে ছড়িয়ে ডাম্পিং গ্রাউন্ডে পরিণত হয়েছে। হিমালয়ান নেচার অ্যান্ড অ্যাডভেঞ্চার ফাউন্ডেশনের কোঅর্ডিনেটর অনিমেষ বসু বলছেন, 'নেট বসানোর পরিকল্পনা কার্যকর হয়নি। বিভিন্ন সময় বলা হচ্ছে, সুয়েজ ট্রিটমেন্ট প্ল্যান্ট-এর কাজ শুরু করা হবে। যদিও এখনও কোথাও সেটা দেখা যাচ্ছে না।' রঞ্জন সরকারের কথায়, 'সুয়েজ ট্রিটমেন্ট প্ল্যান্ট শুরু করা হচ্ছে। এই প্ল্যান্টের ফলেই দূষিত জল পরিস্রুত হবে।'



*শিলিগুড়ির পাঁচ নম্বর ওয়ার্ডের নতুনপাড়ায় আবর্জনা জমে মহানন্দায়।*

## গ্রেপ্তার দুষ্কৃতী

**শিলিগুড়ি, ১৩ জুন :** চলছিল দুষ্কর্মের ছক। তার আগে শিলিগুড়ির দুই পৃথক জায়গায় অভিযান চালিয়ে মোট ৭ জনকে গ্রেপ্তার করে পুলিশ।

গোপন সূত্রে খবর পেয়ে বৃহস্পতিবার রাতে মাটিগাড়ার বাস্তুবিহার থেকে ৩ জনকে গ্রেপ্তার করা হয়। ধৃতদের নাম সঞ্জয় মণ্ডল, মলয় রায় এবং অজিত বর্মন। ধৃতদের শুক্রবার শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হয়। বিচারক পুলিশি হেপাজতের নির্দেশ দেন।

বৃহস্পতিবার রাতেই উত্তর একতিয়াশালের খোলাচাঁদ ফাঁপড়ি এলাকা থেকে ডাকাতির উদ্দেশ্যে জড়ো হওয়া চার দুষ্কৃতীকে গ্রেপ্তার করে পুলিশ। ধৃতদের নাম স্বপ্ননীল সাহা, রাজ চক্রবর্তী, পার্থ সিংহ ও শিবু রায়। তাদের থেকে কিছু ধারালো অস্ত্র উদ্ধার করা হয়েছে। ধৃতদের শুক্রবার জলপাইগুড়ি জেলা আদালতে পাঠানো হয়। বিচারক জেল হেপাজতের নির্দেশ দেন।

## পুলিশের জালে

**শিলিগুড়ি, ১৩ জুন :** দেবীডাঙ্গায় গুলি চালানোর ঘটনায় দীপক কামতির ভাই জিতেন কামতিকেও গ্রেপ্তার করল প্রধাননগর থানার পুলিশ। পুলিশ সূত্রে খবর, রবিবার রাতে দেবীডাঙ্গায় গুলি চালানোর ঘটনায় দীপকের সঙ্গে তার ভাই জিতেনও ছিল। এমনকি দীপকের পাশাপাশি জিতেনের বিরুদ্ধেও অভিযোগ দায়ের করে অভিযোগকারী পরিবার।

এরপর থেকে জিতেনের খোঁজ করছিল পুলিশ। বৃহস্পতিবার রাতে জিতেন প্রধাননগর পুলিশের হাতে ধরা পড়ে। শুক্রবার তাকে শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন বিচারক।

## ক্যানসার ও থাইরয়েড নিয়ে কর্মশালা

**শিলিগুড়ি, ১৩ জুন :** উত্তরবঙ্গে ক্যানসারের পাশাপাশি থাইরয়েডে আক্রান্ত রোগীর সংখ্যা ক্রমশ বাড়ছে। তবে, এই রোগে আক্রান্তদের দ্রুত চিহ্নিত করে সঠিক চিকিৎসা করা হলে পুরোপুরি রোগমুক্তি ঘটতে পারে। কিন্তু সঠিক প্রচারের অভাবে মানুষ দীর্ঘদিন রোগে ভোগার পরে হাসপাতালে আসেন চিকিৎসার জন্য। ফলে অনেক সময় রোগীর প্রাণ বাঁচানো সম্ভব হয় না। শুক্রবার উত্তরবঙ্গ মেডিকেল কলেজে একটি সাংবাদিক বৈঠকে এই কথা জানালেন ইএনটি বিভাগের প্রধান রাধেশ্যাম মাহাতো।

উত্তরবঙ্গ মেডিকেল কলেজের ইএনটি বিভাগ ও নর্থবেঙ্গল ইএনটি ডক্টরস অ্যাসোসিয়েশনের তরফে শনিবার শিলিগুড়ির চার্চ রোডের একটি হোটেলে কর্মশালার আয়োজন করা হয়েছে। তবে তার আগে দুপুরে মেডিকেল কলেজে দুজন ক্যানসারে আক্রান্ত রোগীর জটিল অপারেশন করা হবে। দুটি অপারেশন প্রোজেক্টরের মাধ্যমে কর্মশালায় দেখানো হবে। সেখানে উপস্থিত থাকবেন উত্তরবঙ্গ মেডিকেল কলেজের অধ্যক্ষ ডাঃ সঞ্জয় মল্লিক, ডাঃ ডিএম মুন্সি সহ বিভিন্ন সরকারি ও বেসরকারি হাসপাতালের চিকিৎসকরা।

চিকিৎসকরা জানান, উত্তরবঙ্গ মেডিকেল কলেজে প্রতি মাসে একাধিক ক্যানসারে আক্রান্ত রোগী আসেন। তাঁদের মধ্যে বেশিরভাগ রোগীদের মুখের বিভিন্ন অংশে ক্যানসার ধরা পড়ে। এবিষয়ে ইএনটি বিভাগের প্রধান জানান, চা বাগান এলাকায় এই রোগের প্রকোপ সবচেয়ে বেশি হওয়ার কারণ এই জায়গার বেশিরভাগ মানুষ অপুষ্টিতে ভোগেন। ফলে বিভিন্ন রোগ খুব সহজে তাঁদের শরীরে বাসা বাঁধে। এছাড়াও পুরুষ ও মহিলারা নিয়মিত বিভিন্ন ধরনের নেশা করেন। তার ফলে ক্যানসার ও থাইরয়েডের মতো রোগ হওয়ার সম্ভাবনা বেড়ে যায়।

### একটি দিন শুধু তোমার জন্য...

# পিতৃদিবসের পরিকল্পনায় তরুণ প্রজন্ম

**পারমিতা রায়**

**শিলিগুড়ি, ১৩ জুন :** মাতৃদিবস নিয়ে যতটা হইচই, সমাজমাধ্যমে পোস্ট আর উদযাপন চোখে পড়ে- পিতৃদিবস যেন সেই তুলনায় অনেকটাই ফিকে। আসলে, বাবারা খানিকটা আড়ালে থাকতে পছন্দ করেন। চুপিসারে পালন করে চলেন নিজ দায়িত্ব। প্রশংসা, স্বীকৃতি- এসব থেকে যতটা দূরে সরিয়ে রাখা যায় নিজেকে।

বাবাদের জন্য বছরে একটি বিশেষ দিন যে রয়েছে, অনেকেরই হয়তো তা অজানা। তাই মানুষটিকে স্পেশাল ফিল করাতে ছেলেমেয়েদের পাশে থাকবে শিলিগুড়ি শহরের কিছু রেস্তোরাঁ, উপহারের দোকান ও হোম বেকার। থাকছে রেস্তোরাঁর মেনুতেও চমক। মলে ছেলেদের কেনাকাটার ওপর দেওয়া হবে ছাড়। প্রধাননগরের বাসিন্দা দীপ্ত দে নামে এক তরুণ বলছিলেন, 'বাবার জন্য তো সারাবছর তেমন কিছু করা হয় না। আগে এসব দিন উদযাপনের বালাই ছিল না। এখন চেষ্টা করছি, বিশেষ কিছু করার।'

রথখোলার বাসিন্দা সুমনা সরকারেরও লম্বা পরিকল্পনা। তাঁর কথায়, 'সকালে বাবাকে নিয়ে ঘুরতে যাব। তারপর কোনও হোটেল বা রেস্তোরাঁতে নিয়ে গিয়ে তাঁর পছন্দের খাবার খাব দুপুরে। এভাবেই দিনটি কাটানোর ইচ্ছে।' মাটিগাড়ার একটি খাবারের দোকানে ফাদার্স ডে উপলক্ষ্যে মিলছে ১০ শতাংশ ছাড়। সেই দোকানের মালিক সুজন সরকারের ব্যাখ্যায়, 'ভ্যালেন্টাইন্স ডে বা অন্য দিনগুলো যেভাবে উদযাপন করা হয়, ফাদার্স ডে-তে সেই উন্মাদনা নেই। আমার বাবা তারাদের দেশে। তাঁর স্মৃতিতে এবার অফার দিলাম।'

অন্যদিকে, সেবক রোডের একটি রেস্তোরাঁর মেনুতে এ সপ্তাহের জন্য বদল এসেছে। রেস্তোরাঁর ম্যানেজার রাজীব দে জানালেন, নানা ধরনের মিষ্টি থেকে চিতল মাছের মুইঠা- সবই রয়েছে ফাদার্স ডে স্পেশাল মেনুতে।

গতবছরের তুলনায় বেশি কেকের অর্ডার এসেছে অর্পিতা পালের কাছে। 'আই লাভ ইউ বাবা', 'বাবা তুমি আমার সব'-এর মতো বার্তা লেখা কেকের চাহিদা ভালো। এছাড়া ক্রেতার বাবার ছবি দেওয়া কেকের খোঁজ করছেন অনেকে। একই অভিজ্ঞতা প্রধাননগরের হোম বেকার দেবলীনা পালের। বললেন, 'কয়েকবছর আগে তেমন অর্ডার পেতাম না। এখন ট্রেন্ড মেনে অনেকেই পালন করছেন। চলতি বছর এখনও পর্যন্ত ১৮টি কেকের অর্ডার এসেছে।'

কারও পরিকল্পনা সেদিন বাবাকে নিয়ে কেনাকাটা করতে যাবেন, কারও ইচ্ছে লাঞ্চ বা ডিনারে যাওয়া। কেউ আবার ঘুরতে যাবেন পাহাড়ে। শহরবাসী অনুরাগ দত্তর ইচ্ছে, 'পরিবারের সবাই মিলে বেড়াতে যাব ভেবে রেখেছি। বাবা-ই তো এতদিন আমাদের ঘুরিয়েছেন, এবার আমাদের পালা।'

বাবা হওয়া কি মুখের কথা? মোটেই নয়। সন্তানের জন্ম থেকে তার বড় হওয়া অবধি প্রতিটা ধাপে বাবার ভূমিকা মায়ের থেকে কিছু কম থাকে না কিন্তু। সাধ্যমতো জন্মদাতাকে স্পেশাল ফিল করানোর ট্রেন্ডে গা ভাসিয়েছে তরুণ প্রজন্ম।



রংদার রোববার



বাবা

রবিবার পিতৃদিবস। মাতৃদিবস নিয়ে যেমন হইচই হয়, সেরকম আলোচনা হয় না পিতৃদিবস নিয়ে। বাবাদের কথা তুলে আনা হল বিভিন্ন দৃষ্টিকোণ থেকে। পুরাণেও 'সিঙ্গল ফাদার'রা ছিলেন। অন্য ভাষার সাহিত্যেও দাপট দেখিয়েছেন বাবারা। বাবাদের নিয়েই এবারের প্রচ্ছদ কাহিনী।

প্রচ্ছদ কাহিনী বিজয় দে, অভিজিৎ মজুমদার, বিতস্তা ঘোষাল ও ইন্দিরা মুখোপাধ্যায়
ছোটগল্প নবকুমার বসু ও অনিন্দ্য রায় আমেদ
ট্রাভেল ব্লগ অরবিন্দ ভট্টাচার্য
কবিতাগুচ্ছ সমর রায়চৌধুরী
কবিতা নন্দা হাংখিম, অজয় মজুমদার, কৌশিক সেন, মাধবী দাস, দীপশিখা পোদ্দার ও ইন্দ্রাণী বিশ্বাস মণ্ডল
ধারাবাহিক দেবাঙ্গনে দেবার্চনা : পূর্বা সেনগুপ্ত

## অপরিষ্কার নালা নিয়ে দুর্ভোগ ব্যবসায়ীদের

**শিলিগুড়ি, ১৩ জুন :** নিয়মিত পরিষ্কার করা হচ্ছে না নিকাশিনালা। রাস্তায় ঝাড়ু দেওয়া হয় না। ফলে এলাকার দোকানগুলির সামনে জমেছে আবর্জনার স্তূপ। এমন ছবি নজরে পড়ছে শিলিগুড়ি পুরনিগমের ৪১ নম্বর ওয়ার্ডের ইসকন রোড এলাকায়। ব্যবসায়ীদের অভিযোগ, নিকাশিনালাগুলি থেকে দুর্গন্ধ ছড়ানোর পাশাপাশি এলাকায় মশামাছির উপদ্রব বাড়ছে।

ইসকন মন্দির রোডটির একদিকটি ৪০ নম্বর ওয়ার্ডের এবং অন্যদিকটি ৪১ নম্বর ওয়ার্ডের অন্তর্গত। স্থানীয় ব্যবসায়ীরা জানিয়েছেন, এই রাস্তার যেদিকে ৪১ নম্বর ওয়ার্ড সেদিকের নিকাশিনালা প্রতি ৪ বা ৫ মাসে একবার করে পরিষ্কার করা হয়। স্থানীয় ব্যবসায়ী শার্দূল সরকার জানান, কয়েকমাস পরপর এই রাস্তাটি ঝাড় দেওয়া হয়। কিন্তু ঝাড় দেওয়ার পর জমা হওয়া আবর্জনা দোকানের সামনেই ফেলে রাখা হয়। নিকাশিনালা নিয়মিত পরিষ্কার না করার ফলে বিকেলের পর থেকে মশার উপদ্রবে দোকানে টেকা যায় না।

আরেক ব্যবসায়ী গোবিন্দ প্রসাদ বলেন, 'নিকাশিনালার দুর্গন্ধে দোকানে টেকা দায় হয়ে যায়। অথচ উলটো দিকে ৪০ নম্বর ওয়ার্ডের দিকের রাস্তা নিয়মিত পরিষ্কার করা হয়।' কেন ৪১ নম্বর ওয়ার্ডের দিকটি নিয়মিত পরিষ্কার করা হয় না, সেই প্রশ্ন তুলেছেন স্থানীয় ব্যবসায়ীরা। এব্যাপারে ৪১ নম্বর ওয়ার্ড কাউন্সিলার সেবিকা মিত্তাল বলেন, '১০-১৫ দিন আগে ওই এলাকার নিকাশিনালা সাফাই করা হয়। কিন্তু ব্যবসায়ীরা রাতে দোকান বন্ধ করার সময় আবর্জনা নিকাশিনালায় ফেলছেন।' তাঁর অভিযোগ, এলাকায় একটি আবর্জনা ফেলার ভ্যাট রাখা সত্ত্বেও কিছু অসচেতন মানুষ এমন কান্ড করছেন।

## কারবারি ধৃত

**শিলিগুড়ি, ১৩ জুন :** অভিযান চালিয়ে ভক্তিনগর বাজার থেকে অজয় বসাক এবং জাবরাভিটা থেকে সঞ্জয় সাহানি নামে দুই ব্যক্তিকে চায়ের দোকানের আড়ালে মদ বিক্রির অভিযোগে গ্রেপ্তার করে নিউ জলপাইগুড়ি থানার পুলিশ।

বৃহস্পতিবার বিভিন্ন জায়গায় পুলিশি অভিযান চলে। ৫৩ জন মদ বিক্রেতা ও মদ্যপদের আটক করা হয়। তবে গ্রেপ্তার অজয় আর সঞ্জয়। বাকিদের পিআর বন্ডে ছেড়ে দেওয়া হলেও অজয় আর সঞ্জয়কে শুক্রবার জলপাইগুড়ি আদালতের বিচারক জেল হেপাজতের নির্দেশ দেন।

কোন বিষয় নিয়ে পড়লে Career-এর কী কী পথ খুলবে?
পড়ুয়াদের সঠিক দিশা দেখানোর উদ্দেশ্যে আজ উত্তরবঙ্গ সংবাদের স্টুডিওতে উপস্থিত থাকবেন
LIVE
আজ সন্ধ্যা ৭টায়
ডাঃ অনির্বাণ ভট্টাচার্য
Head Academics
(PhD, MA, BA)
শুভ্র সরকার
Asst. Professor
(MSc., Qualified NET, BSc.)
Inspiria Knowledge Campus, Siliguri
Find us on
উত্তরবঙ্গের আত্মার আত্মীয়
উত্তরবঙ্গ সংবাদ
https://www.facebook.com/uttarbangasambadofficial

সাংবাদিক হতে চান?
সব ঘটনা খবর নয়, খবর বোঝার 'চোখ' চাই।
আমরা খুঁজছি এমন চোখ, যে চোখ খবরের পিয়াসি। যে চোখ স্বপ্ন দেখে সমাজ বদলের।
থাকছে তিন শর্ত
■ লিখতে হবে ঝরঝরে বাংলা
■ কলম হতে হবে নির্ভীক, নিরপেক্ষ
■ রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক মহলে থাকতে হবে পরিচিতি
কর্মক্ষেত্র : বৃহত্তর শিলিগুড়ি, যোগ্যতা : ন্যূনতম স্নাতক
আবেদনপত্র পাঠান ubs.torchbearer@gmail.com -এই ঠিকানায়, ১৬ জুনের মধ্যে
উত্তরবঙ্গের আত্মার আত্মীয়
উত্তরবঙ্গ সংবাদ
FOLLOW US
https://www.facebook.com/uttarbangasambadofficial

